

সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ২৫৯৪

১৪/ হদ (দন্ড) (كتاب الحدود)

পরিচ্ছেদঃ ১৪/২৭. ফল এবং গাছের মাথি চুরির অপরাধে হাত কর্তন করা যাবে না

بَابُ لَا يُقَطَّعُ فِي ثَمَرٍ وَلَا كَثْرٍ

আরবী

حَدَّثَنَا هِشَامُ بْنُ عَمَّارٍ، حَدَّثَنَا سَعْدُ بْنُ سَعِيدٍ الْمَقْبُرِيُّ، عَنْ أَخِيهِ، عَنْ أَبِيهِ، عَنْ أَبِي هُرَيْرَةَ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ " لَا قَطْعَ فِي ثَمَرٍ وَلَا كَثْرٍ " .

বাংলা

২/২৫৯৪। আবু হুরায়রা (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ ফল ও মাথি চুরির অপরাধে হাত কাটা যাবে না।

English

It was narrated from Abu Hurairah that the Messenger of Allah (ﷺ) said: "The hand is not to be cut off for (stealing) produce or the spadix of palm trees."

ফুটনোট

হাদিসটি ইমাম ইবনু মাজাহ এককভাবে বর্ণনা করেছেন। ইরওয়া ৮/৭৩।

তাহকীক আলবানীঃ সহীহ। উক্ত হাদিসের রাবী সা'দ বিন সাঈদ আল-মাকবুরী সম্পর্কে আবু বাকর আল-বায়হার বলেন, তিনি যাচাই-বাচাই ছাড়া হাদিস গ্রহন করেন ও তা বর্ণনা করেন। সুফইয়ান বিন উয়াইনাহ বলেন, তিনি কাদারিয়া মতাবলম্বী। ইয়াহইয়া বিন মাঈন ও তাহরীরু তাকরীবুত তাহযীব এর লেখক বলেন, তিনি দুর্বল। (তাহযীবুল কামালঃ রাবী নং ২২০৭, ১০/২৬১ নং পৃষ্ঠা) ২. আবদুল্লাহ বিন সাঈদ আল-মাকবুরী সম্পর্কে ইয়াহইয়া বিন সাঈদ আল কাত্তান বলেন, আমি তার মজলিসে বসে জানতে পেরেছি যে, তার মাঝে মিথ্যাবাদিতা রয়েছে। আহমাদ বিন হাম্বল বলেন, তার হাদিস প্রত্যাখ্যানযোগ্য। ইবনু মাঈন বলেন, তিনি সিকাহ নন। ইমাম বুখারী তাকে প্রত্যাখ্যান করেছেন। আবু যুরআহ তাকে দুর্বল সাব্যস্ত করেছেন। আমর ইবনুল ফাল্লাস তাকে প্রত্যাখ্যান

করেছেন। উক্ত হাদিসটি শাহিদ এর ভিত্তিতে সহিহ। (তাহযীবুল কামালঃ রাবী নং ৩৩০৫, ১৫/৩১ নং পৃষ্ঠা)

উক্ত হাদিসটি সহিহ কিন্তু সা'দ বিন সাঈদ আল-মাকবুরী ও আবদুল্লাহ বিন সাঈদ আল-মাকবুরী এর কারণে সানাটিকে খুবই দুর্বল। হাদিসটির ১২৫ টি শাহিদ হাদিস রয়েছে, তন্মধ্যে ৩ টি জাল, ৫১ টি খুবই দুর্বল, ৫৭ টি দুর্বল, ১০ টি হাসান, ৪ টি সহিহ হাদিস পাওয়া যায়। তন্মধ্যে উল্লেখযোগ্য হলঃ তিরমিযি ১৪৪৯, আবু দাউদ ৪৩৮৮, দারিমী ২৩০৪, ২৩০৫, ২৩০৬, ২৩০৮, ২৩০৯, আহমাদ ১৫৩৭৭, ১৫৩৮৭, ১৬৮০৯, ১২৮৩০।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=43210>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন